৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 JUN 1998 ... ...
পৃষ্ঠা ১৫ কলাম ৬ ... ...

# স্কুলের প্রভাতী শাখায় দশম শ্রেণী পর্যন্ত চালু করার দাবী

ইত্তেফাক রিপোর্টার ঃ দেশের অন্যতম সেরা স্কুল গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলসহ নগরীর ৩টি স্কুলের প্রধান শিক্ষক, শিক্ষক ও অভিভাবকগণ ছাত্রদের সুশিক্ষার্থে প্রভাতী শাখাকে কেবলমাত্র প্রাথমিক শাখায় সীমাবদ্ধ না রাখিয়া পূর্ণ

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## স্কুলের প্রভাতী শাখায়

(শেষ পৃঃ পর)

স্কুলরূপে বহাল রাখার আহবান জানাইয়াছেন। শিক্ষকগণ মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের নিকট লিখিতভাবেও এই আবেদন জানাইয়াছেন। গতকাল (বুধবার) পর্যন্ত এই আবেদনে সংশ্লিষ্ট বিভাগ হইতে কোন সাড়া মিলে নাই। পূর্বে গভঃ ল্যাবরেটরী হাই স্কুলে প্রভাতী শাখা প্রথম শ্রেণী হইতে দশম শ্রেণী পর্যন্ত চালু ছিল। বহু বছর যাবৎ এই নিয়মে স্কুলটি চালু থাকায় প্রথম হইতে দশম শ্রেণী পর্যন্ত লেখাপড়া খুবই সন্তোষজনক ছিল এবং এস এস সি পরীক্ষার ফলাফল শীর্ষে থাকিত। সাম্প্রতিককালে হঠাৎ করিয়া একটি সুবিধাবাদী মহলের প্ররোচণায় গভঃ ল্যাবরেটরী হাই স্কুলসহ নগরীর বেশ কয়েকটি সরকারী স্কুলে উক্ত প্রতিষ্ঠিত নিয়মকে উপেক্ষা করিয়া প্রভাতী শাখায় প্রথম হইতে পঞ্চম শ্রেণী এবং ৬ষ্ঠ হইতে দশম শ্রেণী পর্যন্ত "দিব শাখা" চালু করার নির্দেশ জারি করা হয়। ইহার ফলে উচ্চ ডিগ্রীধারী শিক্ষকগণ প্রাথমিক শাখায় নিয়োজিত থাকায় শিক্ষকতায় উৎসাহ হারাইয়া ফেলেন। এই অবস্থার ফলে দিন দিন গভঃ ল্যাবরেটরী হাই স্কুলসহ অন্যান্য স্কুলে লেখাপড়ার মান অবনতির দিকে যাইতে থাকে। এ অবস্থায় ছাত্রদের লেখাপড়ার বৃহত্তর স্বার্থে পূর্বের নিয়ম অর্থাৎ প্রভাতী শাখাকে প্রথম শ্রেণী হইতে দশম শ্রেণী পর্যন্ত চালু করার জন্য অভিভাবগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করিয়াছেন।